

Joint Press Release of the 14th round of India-China Corps Commander Level Meeting

January 13, 2022

ভারত-চিন সেনা কমান্ডার স্তরের 14তম দফার বৈঠকের যৌথ প্রেস বিবৃতি

জানুয়ারি 13, 2022

12 ই জানুয়ারি 2022 তারিখে চিনের দিকের চুশুল-মোল্ডো সীমান্ত বৈঠক স্থলে ভারত-চিন সেনা কমান্ডার স্তরের 14তম দফার বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে দুইদেশের প্রতিরক্ষা ও পররাষ্ট্র মন্ত্রকের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। পশ্চিম সেক্টরে প্রকৃত নিয়ন্ত্রণ রেখা বরাবর প্রাসঙ্গিক সমস্যাগুলির সমাধানের জন্য উভয় পক্ষের মধ্যে খোলামেলা এবং গভীরভাবে মতবিনিময় হয়েছে। তারা একমত হয়েছেন যে উভয় পক্ষেরই দেশের নেতাদের দেওয়া নির্দেশিকা অনুসরণ করা উচিত এবং বাকি সমস্যাগুলির দ্রুত সমাধানের জন্য কাজ করা উচিত। উল্লেখ করা হয়েছে যে এটি পশ্চিম সেক্টরে প্রকৃত নিয়ন্ত্রণ রেখা বরাবর শান্তি ও স্থিতি পুনরুদ্ধারে সহায়তা করবে এবং দ্বিপাক্ষিক সম্পর্কের অগ্রগতি আনতে সক্ষম করবে। উভয় পক্ষ পূর্ববর্তী ফলাফলগুলিকে একীভূত করতে এবং শীতকাল সহ পশ্চিমাঞ্চলীয় সেক্টরে স্থলভাগে নিরাপত্তা ও স্থিতিশীলতা বজায় রাখার জন্য কার্যকর প্রচেষ্টা গ্রহণ করতে সম্মত হয়েছে। যাতে যত তাড়াতাড়ি সম্ভব বাকি সমস্যাগুলির একটি পারস্পরিক গ্রহণযোগ্য সমাধানে পৌঁছানো যায় তার জন্য উভয় পক্ষ ঘনিষ্ঠ যোগাযোগ বজায় থাকতে এবং সামরিক ও কূটনৈতিক চ্যানেলের মাধ্যমে আলাপ আলোচনা বজায় রাখতে সম্মত হয়েছে। এই পরিপ্রেক্ষিতে কমান্ডারদের আলোচনার পরবর্তী দফা শীঘ্রই অনুষ্ঠিত হওয়ার বিষয়েও তারা সম্মত হয়েছেন।

নিউ দিল্লি

জানুয়ারি 13, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.